



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১১৮/২০১৮/২২৮৩৩

তারিখ : ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

পূর্ব গুদিঘাটা ছালেহিয়া কামিল মাদরাসা, ডাকঘর : রোডপাড়া, উপজেলা : বরগুনা, জেলা : বরগুনা-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. মাদরাসা ক্যাম্পাসকে আরো দৃষ্টিনন্দন করে সাজাতে হবে।
৩. বার্ষিক ও ত্রৈমাসিক পাঠ পরিকল্পনা প্রবর্তন করতে হবে।
৪. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা “বঙ্গবন্ধু কর্নার” কে আরো সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৫. শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষা শিক্ষার প্রতি উৎসাহি করতে হবে।
৬. কলামনার ক্যাশবই যথানিয়মে পূরণ এবং সকল আয়-ব্যয়ের ভাউচার যথানিয়মে সংরক্ষণ করতে হবে।
৭. মাদরাসার স্থায়ী আমানত বৃদ্ধি করতে হবে।
৮. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৯. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১০. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Dmd 20.06.2023

ড. জাভেদ আহমাদ

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

অধ্যক্ষ,

পূর্ব গুদিঘাটা ছালেহিয়া কামিল মাদরাসা

ডাকঘর : রোডপাড়া, উপজেলা : বরগুনা, জেলা : বরগুনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১১৮/২০১৮/২২৮৩৩

তারিখ : ০৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২০ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত) (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পূর্ব গুদিঘাটা ছালেহিয়া কামিল মাদরাসা, ডাকঘর : রোডপাড়া, উপজেলা : বরগুনা, জেলা : বরগুনা।
৭. অফিস নথি।

Shirina
20.06.2023

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬